

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-৫

নং-অম/অবি/বিধি-৫/পম/প্যাসেজ/(এইচএল)-১/৮৯/০৬

তারিখ: ১১/০২/২০১০ খ্রিঃ

বিষয়: বিদেশস্থ বাংলাদেশ মিশনে নিয়োজিত কর্মকর্তাদের হোমলীভ (Home Leave) প্রাপ্যতা/ মঞ্জুরির জন্য পদায়নের মেয়াদের বিষয়ে পরিপত্র জারিকরণ সংক্রান্ত।

সূত্র: এডি-পিএমডও-০০১/৭৮৮, তাং- ২৫/১১/০৯ খ্রিঃ

বিদেশস্থ বাংলাদেশ মিশনে নিয়োজিত কর্মকর্তাদের হোমলীভ (Home Leave) প্রাপ্যতা/ মঞ্জুরির জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের পদায়নের মেয়াদের বিষয়ে মাননীয় অর্থমন্ত্রীর সদয় নির্দেশনা মোতাবেক গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী নিম্নে (ক)-(খ)-তে বর্ণিত শর্তাবলী অন্তর্ভুক্ত করে একটি পরিপত্র জারি করার জন্য নির্দেশক্রমে পরারত্নে মন্ত্রণালয়কে অনুরোধ করা হ'ল:

- ক) বিদেশস্থ বাংলাদেশ মিশনে পদায়িত কর্মকর্তাগণ একনাগারে ২৪ মাস চাকরি পূর্তির পর হোমলীভ প্রাপ্য হবেন। তবে কোন কর্মকর্তা ১ পদায়ন মেয়াদে একবারের বেশি হোমলীভ প্রাপ্য হবেন না।
- খ) সংস্থাপন মন্ত্রণালয়ের ০৪/০৪/৯০ তারিখের ১১৫ নং পরিপত্র বিদেশস্থ বাংলাদেশ মিশনে পদায়নের সকল ক্ষেত্রে যথাযথভাবে প্রতিপালন নিশ্চিত করতে হবে। হোমলীভ ভোগ শেষে সংশ্লিষ্ট কর্মকর্তাকে সাধারণভাবে বিদেশের কর্মস্থলে ফিরে গিয়ে ন্যূনপক্ষে এক বছর অবস্থান করতে হবে।
- গ) বিদেশস্থ বাংলাদেশ মিশনে একাধিক কর্মস্থলে মোট পদায়নের মেয়াদ ২৪ মাস হলেও হোমলীভ প্রযোজ্য হবে। এরূপ ক্ষেত্রে হোমলীভ ভোগ শেষে সংশ্লিষ্ট কর্মকর্তাকে বিদেশের কর্মস্থলে ফিরে যেতে হবে এবং হোমলীভ শেষে সাধারণভাবে কর্মস্থলে ন্যূনপক্ষে এক বছর অবস্থান করতে হবে।
- ঘ) চুক্তিভিত্তিক কর্মকর্তাদের ক্ষেত্রে চুক্তির শর্তানুযায়ী হোমলীভ প্রযোজ্য হবে। চুক্তির মেয়াদ ৩ বছরের কম হলে হোমলীভ প্রদেয় হবে না। এ বিষয়ে চুক্তিপত্রে সুস্পষ্ট উল্লেখ থাকতে হবে।
- ঙ) কোন কর্মকর্তা যদি হোমলীভ ভোগ শেষে যেচ্ছায় বিদেশের কর্মস্থলে ফিরে না যান সেক্ষেত্রে হোমলীভের জন্য প্রাপ্ত আর্থিক সুবিধাদি তাঁকে ফেরত প্রদান করতে হবে। কিন্তু দুর্ঘটনা, মৃত্যুজনিত কারণে কিংবা কর্তৃপক্ষের নির্দেশে (অর্থাৎ হোমলীভ ভোগকারী কর্মকর্তা নিজস্ব আওতা/ নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে) হোমলীভ ভোগ শেষে বিদেশে কর্মস্থলে ফিরে যাওয়া সম্ভব না হলে সে ক্ষেত্রে হোমলীভের জন্য প্রাপ্ত আর্থিক সুবিধাদি ফেরত প্রদান করতে হবে না।

০২। এতে মাননীয় অর্থমন্ত্রীর অনুমোদন রয়েছে।

মোঃ সহিদুল্লাহ
উপ-সচিব
ফোন: ৯৫৫৬৩০১

সচিব
পরারত্ন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।